

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর এপ্রিল'২০২১ হতে
জুন'২০২১ সময়কালের ৪ৰ্থ প্রাণ্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি	ঃ জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময়	ঃ ০২-০৬-২০২১ খ্রিঃ, বিকাল ৪.৫০ ঘটিকা
স্থান	ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর।
উপস্থিতি	ঃ পরিষিষ্ঠ "ক"

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কর্তৃক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার শুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনির্ণয়, সততা, সময়ব্যবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমবয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, বাস্ত্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে বাস্ত্র শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামূল্কী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রদর্শন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনির্ণয়ের দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের মুখ্য কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুস্তাফিজুর রহমান এপ্রিল'২০২১ হতে
জুন'২০২১ সময়কালের ৪ৰ্থ প্রাণ্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অঙ্গতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় : -

- ক) আসন্ন বার্ষিক হিসাব সমাপনীর সকল হিসাবায়নের কাজ নির্তুলভাবে সম্পাদনের বিষয়ে শাখাকে নির্দেশনা প্রদান ও তার বাস্তবায়ন করতে হবে।
খ) খন আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলীয় প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগনকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙানো অত্যবশ্যক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ৩০-০৬-২০২১ এর মধ্যে পত্রযোগে অবহিত করতে হবে।
গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরক্তে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঘ) স্বচ্ছতা, জৰাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ।
তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। এপ্রিল থেকে জুন'২০২১ ত্রৈমাসিকে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় ১৬টি শাখাই পরিদর্শন করেছেন। কোন শাখার অর্ধবার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করা হলে আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।
ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা দ্রুতীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে গণশুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সময়ে গণশুনানী করবেন এবং আগামী ৩০-০৬-২০২১ এর মধ্যে সকল শাখার গণশুনানী সম্পর্ক করা হবে।


জনাব মুহাম্মদ শহিদুল ইসলাম
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও
সভাপতি

সূত্র নং-মুআকা/মাদারী/প্রশা-২২(শুদ্ধাচার)/২০২০-২০২১/১৭০৩(২০)

তারিখ : ০২-০৬-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মাদারীপুর।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মাদারীপুর মুখ্য আঞ্চলিক।
০৬। নথি/মহানথি।


(মুস্তাফিজুর রহমান)
মুখ্য কর্মকর্তা